

গবেষণাপত্রে বঙ্গবন্ধু ও বাংলাদেশের ইতিহাস বিকৃতির অভিযোগে রাষ্ট্রদ্রোহ মামলায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) সমাজতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক আনোয়ার হোসেন চৌধুরীর বিরুদ্ধে অভিযোগপত্র আদালতে জমা দিয়েছে নগর গোয়েন্দা শাখার (ডিবি) পুলিশ। আগামী ২৫ অক্টোবর আদালতে অভিযোগপত্রটি যাচাই-বাছাই শেষে গ্রহণযোগ্যতার শুনানির জন্য চট্টগ্রাম মহানগর দায়রা জজ আদালতে পাঠানো হবে। গত রবিবার সন্ধ্যায় চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট

advertisement 3

আদালতের সংশ্লিষ্ট শাখায় অভিযোগপত্রটি জমা দেন মামলার তদন্ত কর্মকর্তা নগর গোয়েন্দা পুলিশের (উত্তর) পরিদর্শক মোক্তার হোসেন।

advertisement 4

সূত্র জানায়, ২০১৮ সালের ১৭ মে চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে চবি শিক্ষক আনোয়ারের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা নেওয়ার আবেদন করেন ফটিকছড়ি উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম সম্পাদক আসাদুজ্জামান তানভীর। শুনানি শেষে আদালত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সেটিকে রাষ্ট্রদ্রোহ মামলা হিসেবে গ্রহণ করতে সংশ্লিষ্ট থানার ওসিকে নির্দেশ দিয়েছিলেন। ২০২০ সালের ২৩ জুলাই স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতি পাওয়ার পর নগরীর পাঁচলাইশ থানাপুলিশ এটির তদন্ত শুরু করে। পরে ডিবি পুলিশ তদন্ত করে।

মামলার অভিযোগে বলা হয়, যুক্তরাষ্ট্রভিত্তিক গ্লোবাল জার্নাল অব হিউম্যান সোশ্যাল সায়েন্স : সোশিওলজি অ্যান্ড কালচার নামে একটি জার্নালে ‘রিলিজিয়াস পলিটিকস অ্যান্ড কমিউনাল হারমোনি ইন বাংলাদেশ : আ রিসেন্ট ইমপাস’ শিরোনামে আনোয়ার হোসেনের একটি প্রবন্ধ প্রকাশ হয়। ২০১৮ সালের ১৯ এপ্রিল আনোয়ার হোসেন বিভাগীয় সভাপতি বরাবর সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আবেদন করেন। এতে তিনি ওই প্রবন্ধ সংযুক্ত করেন। পরে গণমাধ্যমে এ নিয়ে খবর প্রকাশ হয়। মামলায় বাদী অভিযোগ করেন, প্রকাশিত প্রবন্ধে একাধিকবার শেখ মুজিবুর রহমানের নাম উল্লেখ করা হলেও একবারও তিনি ‘জাতির জনক’ কিংবা ‘বঙ্গবন্ধু’ শব্দটি ব্যবহার করেননি। এ ছাড়া মুক্তিযুদ্ধকে হিন্দু-মুসলিম দাঙ্গা ছিল বলে উল্লেখ করা হয় ওই প্রবন্ধে।